

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর  
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩  
৩৭/৩/এ, ইঙ্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।  
[www.dme.gov.bd](http://www.dme.gov.bd)

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৩.০২.১৬- ১৮

তারিখ: ০৭.০৩.২০১৮খ্রি।

বিষয়: পটুয়াখালী জেলার মির্জাগঞ্জ উপজেলাধীন চন্দ্রকান্দা আলিম মাদরাসার এমপিও বন্ধকরণ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা প্রাপ্তি প্রসঙ্গে।

সূত্র:(১) বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড এর সবমারক নং-বামাশিবো/রিক/মির্জাগঞ্জ-পটুয়াখালী-১৩৪/৫৩৫,  
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা-১৩/এমপিও নাইমালা সংশোধন/২০১২/৮৭

তারিখ-২৮.৯.২০১৭ খ্রি।

তারিখ: ২৪.০৩.২০১৩খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানা যাচ্ছে যে, সুত্রোন্তৰ ১ নং স্মারক মূলে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড কর্তৃক লিখিত আবেদনের মাধ্যমে এ অধিদপ্তরকে জানানো হয়েছে যে, পটুয়াখালী জেলার মির্জাগঞ্জ উপজেলাধীন চন্দ্রকান্দা আলিম মাদরাসায় ১০০৫ থেকে ২০১৭ সাল পর্যন্ত ১৩ বছরে আলিম স্তরে ২৮ (আটাশ) জন পরীক্ষার্থী দিয়ে ১১ (এগার) জন পরীক্ষার্থী পরীক্ষার্থী পরীক্ষায় উত্তীর্ণ হয় (কপি সংযুক্ত)।

০২. বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত ১৯৯৯ সাল থেকে ২০১৭ পর্যন্ত মোট ১৯ (উনিশ) বছরের জেডিসি, দাখিল ও আলিম পরীক্ষার ফলাফল পর্যালোচনায় দেখা যায় যে, বিগত (২০১০-২০১৭) ১০ বছরে জেডিসি পরীক্ষায় অংশ গ্রহণকারী মোট ৫৪ জন পরীক্ষার্থীর মধ্যে ২৯ জন পরীক্ষার্থী উত্তীর্ণ হয়, বিগত (১৯৯৯-২০১৭) ১৯ (উনিশ) বছরে দাখিল পরীক্ষায় অংশ গ্রহণকারী মোট ১১৫ জন পরীক্ষার্থীর মধ্যে ৩২ জন পরীক্ষার্থী উত্তীর্ণ হয় এবং বিগত (২০০৫-২০১৭) ১৩ (উনিশ) বছরে আলিম পরীক্ষায় অংশ গ্রহণকারী মোট ২৮ জন পরীক্ষার্থীর মধ্যে ১১ জন পরীক্ষার্থী উত্তীর্ণ হয় (কপি সংযুক্ত)।

০৩. ইতোমধ্যে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড কর্তৃক মাদরাসাটির একাডেমিক স্বকৃতি বাতিল করা হয়েছে মর্মে সুত্রোন্তৰ স্মারকে উল্লিখিত হয়েছে।

০৪. উপরিউক্ত মতে মাদরাসাটির এমপিও বক্তব্যের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড কর্তৃক এ অধিদপ্তরকে অনুরোধ করা হয়েছে।

০৫. সুত্রোন্তৰ ২ নং স্মারক পত্রের ৫ নং অনুচ্ছেদ (বেতন-ভাতাদি সরকারি অংশ প্রাপ্তির আবশ্যকীয় শর্তাবলী) এর “ক” (কাম্য শিক্ষার্থী) ও “খ” (কাম্য ফলাফল)-এ বর্ণিত শর্তাবলীয়ায় দীর্ঘ দিন ধরে কাম্য সংখ্যক শিক্ষার্থী ও কাম্য ফলাফল অর্জিত না হওয়ায় বর্ণিত মাদরাসার এমপিও বক্তব্য হওয়া প্রয়োজন মর্মে প্রতীয়মান হয় বিধায় মাদরাসাটির এমপিও বক্তব্যে মহোদয়ের নির্দেশনা প্রয়োজন।

০৫. এমতাবস্থায় পটুয়াখালী জেলার মির্জাগঞ্জ উপজেলাধীন চন্দ্রকান্দা আলিম মাদরাসার এমপিও বন্ধকরণ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: বিলাল হোসেন)

মহাপরিচালক

মাদরাসা শিক্ষা অধিদপ্তর

ফোন নং-৪১০৩০১৫৯

ইমেইল-dgdmeb@gmail.com

সচিব,

কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

অনুলিপি:

০১. উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বরিশাল অঞ্চল

০২. জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী।

০৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অপর্ফসার, মির্জাগঞ্জ, পটুয়াখালী।

০৪. অফিস কপি।